

স্মারক নং-০৫.৪৪.১৮০০.২০২.৭৯.০১.১৯-২২৬৮ (৩১)

তারিখ- ২৬ ভাদ্র, ১৪২৬  
২৮ আগস্ট, ২০১৯

বিষয়ঃ ২০১৯-২০ অর্থ বছরে ঠিকাদারী লাইসেন্স নবায়ন ও নতুন লাইসেন্স প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি ।


এতদ্বারা জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা এর রাজস্ব প্রকৌশল শাখার আওতায় তালিকাভুক্ত সকল ঠিকাদার/ ঠিকাদারী প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৯-২০ অর্থ বছরের জন্য নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী নির্ধারিত ফি জমাদানের মাধ্যমে ঠিকাদারী লাইসেন্স নবায়ন ও নতুন লাইসেন্স প্রদান করা হবে। ঠিকাদারী লাইসেন্স নবায়নের মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে। নির্ধারিত আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রাজস্ব প্রকৌশল শাখা হতে সংগ্রহ করতে হবে।

ক্রমিক নং	নতুন লাইসেন্স তালিকাভুক্তি ফি	নবায়ন ফি	১৫% হারে ভ্যাটের পরিমাণ		নতুন লাইসেন্স এর আবেদন ও নবায়ন ফি জমা দেয়ার শেষ তারিখ
			নতুন লাইসেন্সের জন্য	নবায়ন ফি এর জন্য	
১	৫,০০০/=	২,০০০/=	৭৫০/=	৩০০/=	২৮/১১/২০১৯

শর্তাবলী: লাইসেন্স নবায়নের সময় হাল নাগাদ আয়কর সনদের সত্যায়িত ফটোকপি ও হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে এবং পূর্বের ভ্যাট বকেয়া থাকলে বিধি মোতাবেক পরিশোধ করতে হবে। প্রতিষ্ঠানের মূল লাইসেন্স বহি আবেদন পত্রের সাথে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে জমা প্রদান করতে হবে।

নতুন লাইসেন্স আবেদনের ক্ষেত্রে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

- ক) কর নিবন্ধন (টি,আই,এন) এর সত্যায়িত সনদপত্র।
- খ) মূল্য সংযোজন কর নিবন্ধন সত্যায়িত সনদপত্র।
- গ) বর্তমান অর্থ-বছরের হালনাগাদ (৩০-০৬-২০২০ পর্যন্ত) ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি।
- ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- ঙ) গত ১০ বছরের সম্পাদিত কাজের কার্যসমাপ্তির সনদ (বছর অনুযায়ী, যদি থাকে)।
- চ) গত ১০ বছরের সম্পাদিত সর্বোচ্চ মূল্যমানের চুক্তি বাস্তবায়নের সনদপত্র (যদি থাকে)।
- ছ) আর্থিক সামর্থ্য সম্পর্কিত যথোচিত ব্যাংক প্রতিবেদন (Bank Statement)।
- জ) সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রশ্মি ছবি।
- ঝ) তালিকাভুক্তি বহি (পূর্বের যদি থাকে)।
- ঞ) ঠিকাদার হিসাবে তালিকাভুক্তিকরণ দরপত্রে অংশগ্রহণ বা কাজ পাওয়ার বিষয়ে নিশ্চয়তা প্রদান করে না।
- ট) দাখিলকৃত আবেদন ও কাগজপত্র যাচাইয়াত্তে যোগ্য বিবেচিত হলে নতুন লাইসেন্স প্রদান করা হবে।
- ঠ) নির্ধারিত ফি জেলা প্রশাসক, চুয়াডাঙ্গার নামে সিডি/বিডি আকারে জমা দিতে হবে।
- ড) কোন কারণ দর্শানো ছাড়াই প্রাপ্ত সকল অথবা যে কোন আবেদন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
(গোপাল চন্দ্র দাস)  
জেলা প্রশাসক  
চুয়াডাঙ্গা  
ফোন-৬৩১১১

অনুলিপি অবগতি জন্য প্রেরণ করা হলোঃ

- ১। পুলিশ সুপার, চুয়াডাঙ্গা ।
- ২। সিভিল সার্জন, চুয়াডাঙ্গা ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর/ আলমডাঙ্গা/ দামুড়হদা/ জীবননগর।
- ৪। সহকারী কমিশনার (ভূমি), চুয়াডাঙ্গা সদর/ আলমডাঙ্গা/ দামুড়হদা/ জীবননগর।
- ৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/ সড়ক ও জনপথ বিভাগ/ এল.জি.ই.ডি/ পানি উনয়ন বোর্ড, চুয়াডাঙ্গা।
- ৬। নোটিশ বোর্ড, চুয়াডাঙ্গা কালেক্টরেট।
- ৭। জনাব/ মেসার্স.....